পরীক্ষা প্রস্তুতি

# প্রাইমারি স্কুলে শিক্ষকতার টেট পরীক্ষা

রাজ্যের প্রাথমিক স্কুলগুলিতে প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষকতার জন্য অন্যান্য প্রয়োজনীয় যোগ্যতার সঙ্গে টেট পাশ হওয়া চাইই। পরীক্ষার প্রস্তুতি সহায়তার জন্য ধারাবাহিকভাবে দেওয়া হচ্ছে জীবিকা দিশারীর প্র্যাক্টিস সেট।

মোট ১৫০ নম্বরের লিখিত পরীক্ষা হবে। সময়সীমা দেড় ঘন্টা। ১৫০ নম্বরের মধ্যে ন্যূনতম ৬০ শতাংশ নম্বর পেলে প্রার্থীকে টেট উত্তীর্ণ বলে ঘোষণা করা হবে, সার্টিফিকেট দেওয়া হবে, যা বৈধ থাকবে ৩ বছর। সুতরাং ১৫০ নম্বরের মধ্যে কমপক্ষে ৯০ নম্বর পেতে হবে। সংরক্ষিত শ্রেণির জন্য টেট পাশের নম্বর ৫৫ শতাংশ। পরীক্ষার সিলেবাস প্রকাশিত না হলেও এনসিটিইর নিয়ম অনুযায়ী থাকবে চাইল্ড ডেভেলপমেন্ট ৩০ নম্বর, প্রথম ভাষা (বাংলা/হিন্দি/উর্দু/নেপালি/সাঁওতালি/ওড়িয়া/ তেলুগু– নির্ধারিত হবে সংশ্লিষ্ট স্কুলের ভাষামাধ্যম অনুযায়ী) ৩০ নম্বর, দ্বিতীয় ভাষা (ইংরেজি) ৩০ নম্বর, অঙ্ক ৩০ নম্বর এবং এনভায়রনমেন্টাল সায়েন্স ৩০ নম্বর। প্রথম ভাষা হিসাবে ইংরাজির কথা বলা হয়নি এবং সবার ক্ষেত্রেই দ্বিতীয় ভাষা হিসাবে ইংরাজি থাকতে হবে। পরীক্ষা হবে সারা রাজ্যে একইদিনে।

## শিশু মনস্তত্ত্ব ও শিক্ষাবিজ্ঞান

**১. শিশুশিক্ষার মূল সূত্রটি কোন শিক্ষাবিদের কাছ থেকে পাওয়া গেছে?**
(ক) ডালটন (খ) কমেনিয়াস (গ) রুসো (ঘ) রাসেল
**২. ইংল্যান্ডের শিক্ষা আইনের প্রথম গুরুতর সংস্কার সাধন কবে হয়?**
(ক) ১৯১৮ সালে (খ) ১৯২২ সালে (গ) ১৯২৬ সালে (ঘ) ১৯৩০ সালে
**৩. অভীক্ষা বলতে কী বোঝায়?**
(ক) নানাধরনের পরীক্ষার মাধ্যমে যাচাই করা (খ) বিভিন্ন বিষয়ের সঙ্গে পরিচিত হওয়া (গ) নানাধরনের উপস্থাপনা তুলে ধরা (ঘ) বস্তুতান্ত্রিক ব্যবস্থাপনা
**৪. শিশুদের গল্পের জন্য কোন ধরনের পরিবেশ সৃষ্টি করা দরকার?**
(ক) স্বচ্ছন্দ (খ) কৃত্রিম (গ) আবেগপূর্ণ (ঘ) জটিল
**৫. অন্ধ তাদেরই বলা হয়, যারা স্বাভাবিক দৃষ্টিসম্পন্ন লোকের তুলনায় .........**
(ক) ৩ দশমাংশের কম দেখেন (খ) ৫ দশমাংশের কম দেখেন (গ) ৬ দশমাংশের কম দেখেন (ঘ) ১ দশমাংশের দম দেখেন
**৬. নিচের কোন কারণটি আংশিক দৃষ্টিহীনতার সঙ্গে সংযুক্ত নয়?**
(ক) প্রতিসরণমূলক ত্রুটি (খ) চোখের গঠনগত ত্রুটি (গ) চক্ষুসংলগ্ন পেশিগুলির কার্যকারিতার ত্রুটি (ঘ) শারীরিক অক্ষমতাজনিত ত্রুটি
**৭. বংশধারা–**
(ক) শিশুর লিঙ্গ নির্ধারণ করে (খ) শিশুর অধিকাংশ দৈহিক বৈশিষ্ট্য নির্ধারণ করে (গ) সমকোশী যমজ সন্তানের জন্য দায়ী (ঘ) উপরের সবগুলি
**৮. শিক্ষাক্ষেত্রে ব্যক্তিগত পার্থক্যের তাৎপর্য হল–**
(ক) শিক্ষার্থীদের ক্ষমতা অনুযায়ী শ্রেণীকরণ করা (খ) ব্যক্তিভিত্তিক পাঠদান পদ্ধতি ব্যবহার করা (গ) ব্যক্তির ক্ষমতা অনুযায়ী হোমওয়ার্ক নির্দিষ্ট করা (ঘ) উপরের সবগুলি
**৯. সামাজিকীকরণ–**
(ক) একটি শিখন প্রক্রিয়া (খ) একটি স্বতঃস্ফূর্ত প্রক্রিয়া (গ) পরিণমনের ফলে ঘটে (ঘ) উপরের কোনোটিই নয়
**১০. নিচের কোনটি বিকাশের নীতি নয়?**
(ক) পর্যায়ভিত্তিক (খ) সাধারণ থেকে বিশেষ (গ) বিপরীতমুখী (ঘ) নিরবচ্ছিন্ন
**উত্তর**
১. (গ) ২. (ক) ৩. (ক) ৪. (ক) ৫. (ঘ) ৬. (ঘ) ৭. (ঘ) ৮. (ঘ) ৯. (ক) ১০. (গ)

## প্রথম ভাষা: ভাষা

**১. নিচের কোন শব্দের পাশে সঠিক বিপরীত লেখা নেই?**
(ক) প্রসারণ–সংকোচন (খ) বিষ–মিষ্টি (গ) শয়ন– উত্থান (ঘ) বিকাশ–বিলয়
**২. নিচের কোন শব্দের পাশে সঠিক শব্দার্থ লেখা নেই?**
(ক) অনিল–যা নীল নয় (খ) আবৃতি– আবরণ (গ) আভাষ–ভূমিকা (ঘ) উপাধান–বালিশ
**৩. নিচের কোন পদ পরিবর্তনটি সঠিক নয়?**
(ক) ঘাত– ঘাতক (খ) জন্ম– জাত (গ) দান– দাতা (ঘ) রচনা– রচিত
**৪. ‘কই মাছের প্রাণ’ এই প্রবচনটির অর্থ হল–**
(ক) অত্যধিক কষ্টসহিষ্ণু (খ) মুখচোরা (গ) যে অল্পেই ভেঙে পড়ে (ঘ) সুস্থ-সবল
**৫. নিচের কোন নাটকটি উৎপল দত্তের লেখা?**
(ক) টিনের তলোয়ার (খ) নবান্ন (গ) ডাকঘর (ঘ) নীলদর্পণ
**৬. জিনিসটা তো ঠিক-ঠিক পাওয়া যাবে। – এটি কোন বাচ্য?**
(ক) ভাববাচ্য (খ) কর্মবাচ্য (গ) কর্তৃবাচ্য (ঘ) কর্মকর্তৃবাচ্য
**৭. এত বড়ো মহাপ্রাণ তো আর কখনও দেখতে পাইনি– কোন ধরনের বাক্য?**
(ক) নির্দেশক (খ) প্রশ্নবোধক (গ) অস্ত্যর্থক (ঘ) নস্ত্যর্থক
**৮. সকলেই আমার দিকে অবাক হয়ে চেয়ে রইল- যৌগিক বাক্যে লিখুন।**
(ক) সকলেই আমার দিকে চাইল এবং অবাক হয়ে গেল (খ) আমার দিকে চেয়ে কেউ সবাক রইল না (গ) আমার দিকে চেয়ে সবারই অবাক লাগল (ঘ) কোনোটি সঠিক নয়
**৯. আমার জীবন দান করুন– নির্দেশক বাক্যে লিখুন।**
(ক) আমার জীবন ভিক্ষা চাইছি (খ) আমি যা চাইছি তা আমার জীবন (গ) আমার জীবন দান করার জন্য আবেদন করছি (ঘ) আমার জীবনই আমার একমাত্র বাসনা
**১০. ‘রাজা’ শব্দটি কোন ধরনের শব্দ?**
(ক) তৎসম (খ) অর্ধ তৎসম (গ) তদ্ভব (ঘ) দেশি
**উত্তর**
১. (খ) ২. (ক) ৩. (গ) ৪. (ক) ৫. (ক) ৬. (গ) ৭. (ক) ৮. (ক) ৯. (গ) ১০. (ক)

## SECOND LANGUAGE: ENGLISH

**Directions (Q 1-6): Fill in the blanks to make the sentences meaningfully complete.**
**1. Freedom is not a …….. but our birth right.**
(a) sin (b) gift c) farce (d) illusion
**2. I am given to ……… that you are going abroad.**
(a) learn (b) think (c) predict (d) understand
**3. The sale of the cassette …….. to an astonishing figure of 20 lakh.**
(a) jumped up (b) soared up (c) shot up (d) went up
**4. It is time you ………home.**
(a) go (b) have gone (c) went (d) are going
**5. I cannot agree …….. your proposal.**
(a) of (b) to (c) with (d) by
**6. No sooner did he go in…he came out.**
(a) then (b) when (c) than (d) and
**Directions (Q 7-9): Choose the word which can be substituted for the given phrase/ sentence.**
**7. A person who collects coins.**
(a) Philatelist (b) Numismatist (c) Narcissist (d) Fatalist
**8. Policy of a political party.**
(a) Manifesto (b) Agenda (c) Report (d) Circular
**9. A person who betrays a friend.**
(a) Traitor (b) Cheat (c) Hypocrite (d) Disloyal
**Directions (Q 10-13): Find out the correct prepositions.**
**10. He was angry ........ my behaviour.**
(a) with (b) at (c) to (d) into
**11. I was angry ......him.**
(a) with (b) at (c) for (d) of
**12. I am not aware ..... his intentions.**
(a) at (b) of (c) on (d) with
**13. He is blind .... his own faults.**
(a) to (b) of (c) at (d) in

**ANSWERS**

1. (b) 2. (d) 3. (c) 4. (c) 5. (b) 6. (c) 7. (b) 8. (a) 9. (a) 10. (b) 11. (a) 12. (b) 13. (a)

## পরিবেশ বিদ্যা

**১. নদীর প্রবহমান জলকে বলে–**

(ক) লেনটিক জল (খ) লোটিক জল (গ) খর জল (ঘ) প্লায়া

**২. ওজন আবরণের ক্ষতির প্রধান কারণ হল–**

(ক) ক্লোরোফ্লুরো কার্বন (খ) হাইড্রোজেন ফ্লুরাইড (গ) সালফার ডাই অক্সাইড (ঘ) নাইট্রোজেন

**৩. ম্যালেরিয়ার জন্য দায়ী–**

(ক) ব্যাকটেরিয়া (খ) প্রোটোজোয়া (গ) ছত্রাক (ঘ) ভাইরাস

**৪. বায়োলজিক্যাল অক্সিজেন দ্বারা নিচের কোনটির ডিমান্ড মান পরীক্ষা করা হয়?**

(ক) জলের (খ) মাটির (গ) বায়ুর (ঘ) খাদ্যবস্তুর

**৫. ভূ-গর্ভস্থ জলে দূষণের জন্য দায়ী ধাতু হল–**

(ক) পারদ (খ) সীসা (গ) তামা (ঘ) আর্সেনিক

**৬. সুপ্রিম কোর্ট বিভিন্ন রাজ্যের পরিবেশগত সমস্যা মোকাবিলার জন্য স্থাপন করেছে–**

(ক) গ্রিন বেঞ্চ (খ) দূষণ প্রতিরোধ বোর্ড (গ) পরিবেশ দপ্তর (ঘ) সবুজ সংঘ

**৭. দূষণবিহীন ও নবীকরণযোগ্য শক্তির উৎস হল–**

(ক) কয়লা (খ) পেট্রোলিয়াম (গ) সৌরশক্তি (ঘ) তাপবিদ্যুৎ কেন্দ্র

**৮. মিনমাটা রোগ যে ধাতুর প্রভাবে হয় তার নাম–**

(ক) সীসা (খ) পারদ (গ) আসেনিক (ঘ) তামা

**৯. বায়ুমণ্ডলের সবচেয়ে নিচের স্তরের নাম হল–**

(ক) ট্রোপোস্ফিয়ার (খ) স্ট্রাটোস্ফিয়ার (গ) আয়নোস্ফিয়ার (ঘ) মেসোস্ফিয়ার

**১০. মৌসুমী বায়ুর দেশ বলা হয়–**

(ক) ইরাককে (খ) বাংলাদেশকে (গ) ভারতকে (ঘ) মিশরকে

**উত্তর**

১. (খ) ২. (ক) ৩. (খ) ৪. (ক) ৫. (ঘ) ৬. (ক) ৭. (গ) ৮. (খ) ৯. (ক) ১০. (গ)

## অঙ্ক

**1. একটি জল পূর্ণ পাত্রের ওজন 9.5 কেজি, অর্ধজল পূর্ণ পাত্রের ওজন 5.5 কেজি। শূন্য পাত্রের ওজন (কেজিতে) কত?**

(a) 4 কেজি (b) 1.5 কেজি (c) 2 কেজি (d) 3.5 কেজি

**2. কোনো সংখ্যার $\frac{2}{3}$ অংশ ও $\frac{1}{5}$ অংশের বিয়োগ ফল 28 হয়। সংখ্যাটি কত?**

(a) 60 (b) 55 (c) 50 (d) 35

**3. 10 বছর আগে A-এর বয়স B-এর বয়সের অর্ধেক ছিল। তাদের বর্তমান বয়সের অনুপাত যদি 3 : 4 হয়, তবে তাদের বর্তমান বয়সের সমষ্টি কত?**

(a) 8 বছর (b) 20 বছর (c) 35 বছর (d) 25 বছর

**4. একটি দ্রব্য বিক্রয় করে 8% লাভ হয়েছে। কিন্তু, ওই দ্রব্যটিই যদি 27 টাকা কম দামে বিক্রয় করা হয়, তবে 10% ক্ষতি হবে। দ্রব্যটির ক্রয়মূল্য কত?**

(a) 180 টাকা (b) 160 টাকা (c) 170 টাকা (d) 190 টাকা

**ANSWERS**

1. (b) পাত্রের ওজন + জলপূর্ণ পাত্রের ওজন = 9.5 কেজি

পাত্রের ওজন+ অর্ধ ,, ,, ,, = 5.5 কেজি

অর্ধপূর্ণ জলের ওজন = 4 কেজি

পাত্রের ওজন = (5.5 – 4 কেজি) = 1.5 কেজি।

**2.** (a) মনে করুন, সংখ্যাটি = x

(x এর $\frac{2}{3}$) অংশ = $\frac{2x}{3}$.

(x এর $\frac{1}{5}$) অংশ = $\frac{x}{5}$

$$\left(\frac{2x}{3}-\frac{x}{5}\right)=28$$

$$\Rightarrow \left(\frac{10x-3x}{15}\right)=28 \Rightarrow \frac{7x}{15}=28$$

$$\Rightarrow 7x = 28\times15 \quad \therefore \; x=\frac{28\times15}{7}=60$$

**3.** (c) A-র বর্তমান বয়স 3x বছর এবং B-এর বর্তমান বয়স 4x বছর

প্রশ্নানুযায়ী, 10 বছর আগে A-র বয়স B-এর বয়সের অর্ধেক ছিল।

অতএব A ও B-র অনুপাত ছিল 1 : 2

অতএব শর্তানুযায়ী $2(3x - 10) = (4x - 10)$

or, $6x - 20 = 4x - 10$ or, $6x - 4x = 20 - 10$

or, $2x = 10$ or $x = 5$

অতএব তাদের বয়সের সমষ্টি হবে $(3x + 4x) = 7x = (7\times5) = 35$ বছর

**4.** (b) প্রশ্নানুসারে, এক্ষেত্রে যদি আগের চাইতে 27 টাকা কম দামে বিক্রয় করা হয় তবে লাভ হওয়ার পরিবর্তে 10% ক্ষতি হয়।

অতএব ক্রয়মূল্যের (8 + 10)% বা, 18% = 27 টাকা।

অতএব ক্রয়মূল্যের 1% = $\frac{27}{18}$ টাকা।

অতএব, ক্রয়মূল্যের 100% = $\frac{27}{18}\times100$ টাকা = 150 টাকা।

অতএব দ্রব্যটির ক্রয়মূল্য = 150 টাকা।